ইত্তেফাক

তারিখ ...17 JUL 1985...
পৃষ্ঠা ...9... কলাম ...2...

010

লেদার টেকনোলজিতে উন্নয়ন, (২) টেকনিক্যাল এডুকেশন প্রজেক্ট "এ" (৩) টেকনিক্যাল এডুকেশন প্রজেক্ট "বি" (৪) ৪টি পলিটেকনিকস-এর অসমাপ্ত কাজ সমাপ্ত করণ, (৫) ঢাকায় মহিলাদের জন্য পলিটেকনিক ইনষ্টিটিউট স্থাপন, (৬) গ্রাফিক আর্টস ইনষ্টিটিউটের উন্নয়ন, (৭) টাংগাইল ও পটুয়াখালীতে পলিটেকনিক ইনষ্টিটিউট স্থাপন।

উক্ত প্রকল্পসমূহের জন্য বরাদ্দকৃত টাকা প্রধানতঃ জমির উন্নয়ন, ইমারত নির্মাণ, যন্ত্রপাতি, পুস্তক, আসবাবপত্র, যন্ত্রপাতি স্থাপন ও উন্নয়ন খাতের অধীনে সৃষ্ট পদের বেতন ও ভাতাদি বাবদ ব্যয় হইবে। বর্তমান আর্থিক বৎসরের জুলাই-মার্চ ১৯৮৫ পর্যন্ত ৩৬৩'০৪ লক্ষ টাকা এই ক্ষেত্রে ব্যয় হইয়াছে। জুন, ১৯৮৫ পর্যন্ত আনুমানিক আরও ৪৭০'৬৬ লক্ষ টাকা ব্যয় হইবে বলিয়া আশা করা যায়। উক্ত প্রকল্পের মধ্যে গ্রাফিক আর্টস ইনষ্টিটিউটের উন্নয়ন এবং ৪টি পলিটেকনিকের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ। প্রকল্পটি বর্তমান বৎসরে সমাপ্তির জন্য নির্ধারিত রহিয়াছে। এপর্যন্ত লেদার টেকনোলজিতে ৮৭ জন ছাত্র-ছাত্রী এবং গ্রাফিক আর্টস ইনষ্টিটিউটে ৮৬ জন ছাত্র-ছাত্রী অধ্যয়নরত। কারিগরি শিক্ষা পরিদপ্তরাধীন মোট প্রকল্পসমূহের মধ্যে ৬টি পলিটেকনিক ইনষ্টিটিউট প্রকল্পই জাতীয় গুরুত্বপূর্ণ প্রকল্প হিসাবে স্থান লাভ করে। ৬টি পলিটেকনিক ইনষ্টিটিউটে অতিরিক্ত ২টি টেকনোলজি চালুর উদ্দেশ্যে একাডেমিক, প্রশাসনিক ভবন ও কর্মচারীদের বাসস্থানসহ ছাত্রাবাস নির্মাণ ও অতিরিক্ত যন্ত্রপাতি, বই ইত্যাদি সংগ্রহের উদ্দেশ্যেই এই প্রকল্পটি প্রণয়ন করা হয়। উল্লেখিত প্রকল্পটি কারীগরি শিক্ষা প্রকল্প "এ"র সহিত একত্রিকরণ করা হইয়াছে বিধায় সংশোধিত এ,ডি,পিতে ইহার নিমিত্ত পৃথক বরাদ্দ রাখা হয় নাই। মূল বরাদ্দ হইতে বর্তমান আর্থিক বৎসরে জুলাই হইতে মার্চ পর্যন্ত ১০৯'৮৪ লক্ষ টাকা ব্যয় করা হইয়াছে।

(গ) কারিগরি শিক্ষাক্ষেত্রে অন্যান্য তৎপরতা: এইক্ষেত্রে দুইটি প্রকল্প ধরা হইয়াছে: বাংলাদেশ লেদার টেকনোলজির সহিত কমন ফিনিশিং ফেসিলিটিস সেণ্টার স্থাপন এবং অন্যটি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রদের আভ্যান্তরীণ বৃত্তি প্রদান। উল্লেখিত প্রকল্পের জন্য যথাক্রমে মোট ১১৩'০০ লক্ষ টাকা এবং ১৪০'০০ লক্ষ টাকা সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে বরাদ্দ রাখা হইয়াছে। তন্মধ্যে ৯৭'০০ লক্ষ টাকা প্রকল্প সাহায্য। দেশের ক্ষুদ্র ও কুটির চর্মশিল্পের জন্য চামড়া ফিনিসিং ও কারিগরি পরামর্শসহ লেদার টেকনোলজি ছাত্রদের বাস্তব প্রশিক্ষণের মাধ্যমে তাহাদের জ্ঞান ও দক্ষতা বৃদ্ধিই কমন ফিনিসিং প্রকল্পটির উদ্দেশ্য। ওয়ার্কশপ নির্মাণ, যন্ত্রপাতি, বই, গাড়ী ক্রয় ইত্যাদি আসবাবপত্র ও বৈদেশিক বিশেষজ্ঞ নিয়োগ খাতেই প্রধানতঃ ব্যয় করা হইবে। এই প্রকল্প বাবদ ৭'০৫ লক্ষ টাকা জুলাই—মার্চ, ১৯৮৫ পর্যন্ত খরচ হইয়াছে যাহা সংশোধিত বরাদ্দের ৩৩%। বিদেশী বিশেষজ্ঞ নিয়োগের কাজ চলিতেছে।

কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রদের অভ্যান্তরীন বৃত্তি প্রদানের প্রকল্পাধীনে ডিগ্রী পর্যায়ে ৬০% বার্ষিক ১৪৫০'০০ টাকা ডিপ্লোমা পর্যায়ে, ৬৫% ছাত্রদের ১২১০'০০ টাকা এবং ট্রেড কোর্সের ১০০% ছাত্রদের বার্ষিক ৮৭০'০০ টাকা হারে বৃত্তির প্রস্তাব। ১৯৮৪/৮৫ সালের মোট ২২০০০ জন ছাত্র-ছাত্রীদেরকে বৃত্তি প্রদান লক্ষ্যমাত্রা স্থির করা হয়। তন্মধ্যে জুলাই—মার্চ ১৯৮৫ পর্যন্ত ২০,৩৭৪ জনকে বিভিন্ন পর্যায়ে বৃত্তি প্রদান করা হয় এবং তাহাতে মোট ১০১'১৩ লক্ষ টাকা ব্যয় হইয়াছে।

ইত্তেফাক

তারিখ ...17 JUL 1985...
পৃষ্ঠা ... কলাম ...2...

# অর্থনীতির পাতা

17 JUL 1985

# কারিগরি শিক্ষার আয়োজন সাবেকী॥ অগ্রগতি কম

(অর্থনৈতিক রিপোর্ট)

কারিগরি শিক্ষার ক্ষেত্রে ১৯৬০-এর দশকে যে কাঠামো গড়িয়া তোলা হয় উহার রক্ষণাবেক্ষনেই ব্যয় হইতেছে প্রচুর। কিন্তু নবনির্মাণ ও অগ্রগতি সামান্য। অর্থনৈতিক অগ্রগতির জন্য নূতন ধরণের প্রযুক্তির উপর নির্ভরতা বাড়িতেছে। কিন্তু তদানুপাতিক নবপ্রযুক্তির চর্চার ক্ষেত্র সীমিত। ১৯৮৪-৮৫ অর্থ বছরে অনেক কারিগরি শিক্ষায়তন বন্ধ ছিল মাসের পর মাস।

১৯৮৪/৮৫ অর্থ বৎসরে কারিগরি শিক্ষাখাতে মোট ১৫টি উন্নয়ন প্রকল্প হাতে নেওয়া হয়। ইহার মধ্যে ৭টি কোর এবং বাকী ৮টি নন-কোর প্রকল্প। বর্তমান আর্থিক বৎসরের মূল বার্ষিক বরাদ্দ ১৫৩১'৮৮ লক্ষ টাকা ধরা হইয়াছে। ইহার মধ্যে প্রকল্প সাহায্য বাবদ ধরা ছিল ৪৬০'০০ লক্ষ টাকা। ১৯৮৪/৮৫ বৎসরে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে মোট ১৩টি উন্নয়ন প্রকল্পের জন্য ১৩৭৮'১৫ লক্ষ টাকা বরাদ্দ অনুমোদিত হয়। তাঁহার মধ্যে প্রকল্প সাহায্য বাবদ ৬৪২'২৫ লক্ষ টাকা বরাদ্দ রহিয়াছে। উক্ত আর্থিক বৎসরের জুলাই ১৯৮৪ হইতে মার্চ ১৯৮৫ পর্যন্ত ৬৬২'৬৪ লক্ষ টাকা ব্যয় হয়। তন্মধ্যে ১১৪'৬৫ লক্ষ টাকা প্রকল্প সাহায্য বাবদ ব্যয় হইয়াছে। যাহা কারিগরি শিক্ষা খাতে সংশোধিত বার্ষিক বরাদ্দের ৪৮'০৯% শতাংশ আর্থিক উন্নতি সাধন করিয়াছে। আশা করা যাইতেছে ৭১৫'৫১ লক্ষ টাকা এই আর্থিক বৎসরে জুন মাস পর্যন্ত ব্যয় হইবে।

১৯৮৪/৮৫ আর্থিক বৎসরে মোট ১৩টি উন্নয়ন প্রকল্প নিম্নলিখিত বিভিন্ন ক্যাটেগরিভুক্ত ৪টি প্রকৌশল মহাবিদ্যালয় (রাজশাহী, চট্টগ্রাম, খুলনা এবং ঢাকা)। এ্যাষ্টাবলিসমেণ্ট অব কমন ফিসিং ফ্যাসিলিটি সেণ্টার ফর লেদার ইণ্ডাষ্ট্রিজ, বাংলাদেশ লেদার টেকনোলজি ইনষ্টিটিউটকে কলেজ অব লেদার টেকনোলজিতে উন্নয়ন, ৪টি পলিটেকনিকের সম্প্রসারণ, পুনর্বিন্যাস ও বাকী কাজ সমাপ্তকরণ, ঢাকায় মহিলাদের জন্য পলিটেকনিক ইনষ্টিটিউট স্থাপন, গ্রাফিক আর্টস ইনষ্টিটিউটের উন্নয়ন এবং কারিগরি শিক্ষায়তনের ছাত্রদের আভ্যন্তরীন বৃত্তি প্রদান এবং টেকনিক্যাল এডুকেশন "এ" টেকনিক্যাল এডুকেশন প্রকল্প "বি" টাংগাইল ও পটুয়াখালী পলিটেকনিক স্থাপন।

বর্তমান বৎসরের (১৯৮৪/৮৫) কারগিরি সহযোগীতা কর্মসূচীর অধীনে (Under Technical Assistance Programe) কারিগরি পরিদপ্তরাধিন একটি প্রকল্প ষ্ট্রেদেনিং অব কলেজ অব টেক্সটাইল টেকনোলজি বর্তমানে প্রক্রিয়াধীন রহিয়াছে। ইহার মধ্যে ৫'১০ লক্ষ টাকা সংশোধিত বরাদ্দ রাখা হইয়াছে। বর্তমান আর্থিক বৎসরে সমাপ্তির জন্য নির্ধারিত ৭টি প্রকল্প নির্ধারিত করা হইয়াছে যথা: রাজশাহী প্রকৌশল মহাবিদ্যালয়, চট্টগ্রাম প্রকৌশল মহাবিদ্যালয়, খুলনা প্রকৌশল মহাবিদ্যালয়, ঢাকা প্রকৌশল মহাবিদ্যালয়, ৪টি পলিটেকনিকের অসমাপ্ত কাজ সমাপ্ত করণ, গ্রাফিক আর্টস ইনষ্টিটিউট এর উন্নয়ন এবং কারিগরি ছাত্রদের আভ্যন্তরীণ বৃত্তি প্রদান।

বর্তমান আর্থিক বৎসরে মোট ১৩টি বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের সংক্ষিপ্ত বিবরণ দেওয়া হইল:

(ক) প্রকৌশল শিক্ষা: এই ক্ষেত্রে মোট ৪টি চলতি অনুমোদিত প্রকল্প রহিয়াছে। এই ৪টি প্রকৌশল মহাবিদ্যালয় রাজশাহী, খুলনা, চট্টগ্রাম ও ঢাকায় অবস্থিত। বর্তমান আর্থিক বৎসরে উক্ত প্রকল্পসমূহের জন্য সংশোধিত বরাদ্দ মোট ২৮৮'৬৫ লক্ষ টাকা অনুমোদিত হয়। উক্ত টাকা প্রধানতঃ ইমারত নির্মাণ, যন্ত্রপাতি, পুস্তক, আসবাবপত্র ও উন্নয়ন খাতে সৃষ্ট পদসমূহের বেতন ও ভাতাদি বাবদ ব্যয় করা হইবে। তন্মধ্যে বর্তমান আর্থিক বৎসরের জুলাই-মার্চ ১৯৮৪ ইং পর্যন্ত ১৬১'৪২ লক্ষ টাকা খরচ হইয়াছে এবং আরও ১২৬'২৩ লক্ষ টাকা এই বৎসরের জুন, ১৯৮৫ পর্যন্ত ব্যয় হইবে বলিয়া অনুমান করা যাইতেছে। ৪টি প্রকৌশল মহাবিদ্যালয়ের বর্তমান বৎসরে ১৯৫৯ জন ছাত্রছাত্রী অধ্যয়ন করিতেছেন। সিভিল, ইলেকট্রিক্যাল এবং মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ ডিগ্রী কোর্স প্রদানের নিমিত্ত সুযোগ-সুবিধাদি সৃষ্টিকরণই উক্ত প্রকল্পের উদ্দেশ্য।

(খ) কারিগরি শিক্ষা: টেকনিশিয়ান শিক্ষাক্ষেত্রে বর্তমানে সংশোধিত এডিপিতে মোট ৭টি চলতি অনুমোদিত প্রকল্প বাস্তবায়নের কথা। এই প্রকল্পসমূহের জন্য মোট ৮৩৬'৫০ লক্ষ টাকা সংশোধিত বরাদ্দের প্রস্তাব অনুমোদিত হয়। তন্মধ্যে ৫৪৫'২৫ লক্ষ টাকা প্রকল্প সাহায্যের অন্তর্ভুক্ত। প্রকল্পগুলি যেমন: (১) বাংলাদেশ লেদার টেকনোলজি ইনষ্টিটিউটকে কলেজ অব